



পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি. জে., সেক্টর-২, সল্টলেক সিটি, কলকাতা-৭০০০৯১

নং- L/PR/ 24 /2023

তারিখ: 27 /02/2023

বিজ্ঞপ্তি

সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান (ভোন্সু সুপারভাইসর)/শিক্ষক-শিক্ষিকা/ Convenor/Jt. Convenor/সেক্টর-ইন-চার্জ/সেক্টর সেক্রেটারি ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য

এতদ্বারা জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষা ও একাদশ শ্রেণীর বার্ষিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংসদ কর্তৃক নিম্নলিখিত বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে: -

১) প্রশ্নপত্রের Manual Tracking করে সুরক্ষার ক্ষেত্রে আরও জোরদার ব্যবস্থা নেওয়া হয়েছে। প্রতিটি Main Venue তে ০২ জন Council Nominee এবং প্রতিটি Sub-Venue তে ০১ জন Council Nominee নিয়োগ করা হচ্ছে।

২) মোবাইল নিয়ে পরীক্ষার্থীদের Venue তে প্রবেশ কঠোরভাবে নিষিদ্ধ। প্রতিটি Venue-র Main Gate-এ দায়িত্বপ্রাপ্ত পুলিশের নজরদারিতে কড়া ও কঠোরভাবে Mobile Checking-এর ব্যবস্থা করা হচ্ছে এবং Venue Supervisor বিষয়টি দেখবেন। Venue Supervisor, Centre-in-Charge ও Centre Secretary ব্যতীত Teaching ও Non Teaching Staff সহ অন্যান্য সকলেরই Venue তে মোবাইল নিয়ে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। মোবাইল নিয়ে প্রবেশের সতর্কীকরণ Poster গেটে থাকছে।

৩) মোবাইল নিয়ে Venue তে প্রবেশ আটকাতে পরীক্ষার্থীদের কাছে (পরীক্ষা কেন্দ্রে) Admit Card বিতরণের সময় বিদ্যালয়ের পক্ষ থেকে একথা আগাম জানিয়ে দেওয়ার জন্য বিদ্যালয়-প্রধানদের অনুরোধ করা হচ্ছে যে, পরীক্ষার্থীরা মোবাইল ফোন নিয়ে বিদ্যালয়ে প্রবেশ করবে না। যদি মোবাইল ফোন নিয়ে কেউ ধরা পড়ে তাহলে পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল হবে এবং এক্ষেত্রে স্কুল দায়ী থাকবে না।

৪) পরীক্ষা শুরু হবার পর কোনো Teacher বা Non Teaching কর্মীর Venue র বাইরে যাওয়া নিষেধ।

৫) সংসদ সারা রাজ্যে প্রায় ২৩৫ টি Venue কে (পরীক্ষা কেন্দ্র) Sensitive Venue হিসাবে চিহ্নিত করেছে। প্রতিটি Sensitive Venue র মূলগেটে Metal Detector এর মাধ্যমে-Mobile Phone ও অন্যান্য Electronics Gadget Checkingএর ব্যবস্থা করা হয়েছে। -

৬) এবছর ০২ জন Invigilator প্রতিটি পরীক্ষা কক্ষের মূল দায়িত্বে থাকবেন। পরীক্ষা কক্ষে মোবাইল নেই নিশ্চিত হয়েই তাঁরা প্রশ্নপত্র বিতরণ করবেন। প্রতিটি Venue-র প্রতিটি কক্ষে ০২ জন Invigilator-এর একজন কক্ষে পরীক্ষার্থীদের প্রবেশের আগে মোবাইল নেই তা নিশ্চিত করবেন প্রয়োজনে নিয়মানুযায়ী Checking করবেন। মোবাইল ফোন পরীক্ষার্থীরা ব্যবহার করছেন কী না তার দিকে তাঁরা বিশেষ নজরদারী

করবেন। এছাড়াও কোনো Malpractice যাতে না হয় Invigilator-গণ তা দেখবেন। এই নজরদারিতে কোনও গাফিলতি হলে এবং Invigilation-এর ক্ষেত্রে কোনো গুরুতর অভিযোগ এলে সরকার পদক্ষেপ নেবে।

৭) যে কক্ষে যে বিষয়ের পরীক্ষা হবে সেই বিষয়ের শিক্ষক সেই কক্ষে Invigilation Duty করতে পারবেন না।

৮) প্রতিটি Venue তে Venue Supervisor কে বিশেষ দায়িত্ব সহ ID Card দেওয়া হচ্ছে। পরীক্ষাকেন্দ্রে প্রশ্নের সার্বিক সুরক্ষা রক্ষা করার জন্য অতিরিক্ত অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব থাকছে Venue Supervisor দেবই উপর। তাঁর ঘরটিকে Confidential Room বলে চিহ্নিত করা হয়েছে। এজন্য রঙ্গিন Poster দেওয়া হয়েছে।

৯) কোনো Venue সম্পর্কে যদি কোনো বিশ্বালা, ভাঙচুর, টোকাটুকি বা কোন Malpractice এর অভিযোগ আসে তাহলে সেই স্কুলের Result Withheld হবে এবং স্কুলের Recognition বাতিলও হতে পারে।

১০) পরীক্ষার দিনগুলিতে Venue Supervisor নিজে প্রশ্নপত্র Receive করবেন এবং প্রশ্নপত্র খোলার সময় Venue Supervisor-এর কক্ষে একজন Council Nominee এবং পুলিশের উপস্থিতি বাধ্যতামূলক করা হচ্ছে। এই সময় সংশ্লিষ্ট ব্যক্তিদের মোবাইল ফোন ব্যবহারের উপর সম্পূর্ণভাবে নিষেধাজ্ঞা আরোপ করা হচ্ছে।

১১) প্রতিদিন সকাল ৮টা থেকে সব Venue তে Council Nominee উপস্থিত থাকবেন এবং সেই Venue তে Venue Supervisor কে সাহায্য করা ও প্রতিটি পরীক্ষা Venue তে মোবাইল নিয়ে প্রবেশ সম্পূর্ণ বন্ধ করার কাজটিতে সাহায্য করবেন। Council Nominee প্রতিটি Venue তে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার কাজে তদারকি করবেন ও জেলা প্রশাসনের সঙ্গে যোগাযোগ রাখবেন।

১২) কক্ষে মোবাইল নেই নিশ্চিত হয়ে তবেই প্রশ্নপত্র Invigilator বিতরণ করবেন। যদি মোবাইল পাওয়া যায় তবে তা বাজেয়াপ্ত করা হবে এবং সেই ছাত্র বা ছাত্রীদের সেই দিনের বা বাকী সব পরীক্ষা বাতিল বলে গণ্য করা হবে।

১৩) এবছর Venue Supervisor-দের জন্য একটি **Examination Confidential Format দেওয়া হচ্ছে।** Teacher ও Non-Teaching Staff সহ যে কোন ব্যক্তি নিষেধ করা সত্ত্বেও যদি Venue তে মোবাইল নিয়ে ঢোকে বা কোনো Unwanted Incident কোনো পরীক্ষা কক্ষে ঘটে তাহলে এই Examination Confidential Format তিনি Fill up করে সংসদে পাঠাবেন এবং বিষয়টি গোপন থাকবে। সংসদ সংশ্লিষ্ট Invigilator/Teacher/Non Teaching Staff এর বিষয়ে কড়া ব্যবস্থা নেবে।

১৪) পরীক্ষা শুরুর পর ১ঘন্টা পর্যন্ত নিয়মানুসারে কাউকে toilet যাওয়ার অনুমতি দেওয়া যাবে না এবং ১২.৪৫ এর আগে কোনো পরীক্ষার্থী Hall থেকে বেরতে পারবে না। ১ ঘন্টার পর Toilet-এ গেলেও খাতা ও প্রশ্নপত্র জমা রেখে যেতে হবে।

১৫) পরীক্ষার দিনগুলিতে Confidential Room (Venue Supervisor কক্ষে) এ প্রবেশাধিকার নিয়ন্ত্রণ ও বিধিনিষেধ জারি করা হচ্ছে।

১৬) প্রতিটি Venue Supervisor এর কাছে একটি **Question Distribution Format (VS Format)** পাঠানো হয়েছে। Venue Supervisor প্রথমে Seal খুলে প্রশ্নপত্র পৃথক থামে সম্পূর্ণ Seal করে প্রতিটি Exam Hall এ Invigilator-এর মাধ্যমে পাঠাবেন এবং এইজন্য কোন কক্ষে কার মাধ্যমে, কোন কোন বিষয়ের ক'টা প্রশ্নপত্র Invigilator নিলেন তার তথ্য স্বাক্ষরসহ ওই Format-এ থাকবে, যা Venue তে সযত্নে রাখা থাকবে।

এই Format -এর ভিত্তিতে সংসদ জানতে পারবে কোন Venue র কোন কক্ষে কারা Invigilation-এর দায়িত্বে ছিলেন। সেই কক্ষে কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে সংশ্লিষ্ট Invigilator গণ দায়ী থাকবেন। প্রয়োজন হলে সংসদ এই Format সংগ্রহ করবে।

১৭) এবছর ৫টি নির্দিষ্ট কারণের যে কোন একটি কারণ ঘটলে তৎক্ষণাতঃ R.A. অর্থাৎ Reported Against করার জন্য প্রতিটি Venue Supervisor কে RA Format সহ নির্দেশ দেওয়া হয়েছে। কারণগুলি হল:- i) মোবাইল নিয়ে Venue তে প্রবেশ, ii) টোকাটুকি বা অসৎ উপায় অবলম্বন করলে, iii) Invigilator বা শিক্ষক-শিক্ষিকা নিগ্রহ, iv) বিদ্যালয়ের সম্পত্তি নষ্ট করলে, v) উত্তরপত্র ছিঁড়ে ফেলা, লুকিয়ে বাড়িতে নিয়ে যাওয়া, উত্তরপত্রে কোন অশালীন শব্দ ব্যবহার করা, উত্তরপত্রে কোন অনৈতিক কাজের বিষয় থাকলে। এসব ক্ষেত্রে পরীক্ষার্থীদের R.A. করতে হবে এবং Malpractice & Misconduct Enquiry Committee ব্যবস্থা নেবে।

১৮) কোনো Venue তে বড় ধরনের কোনো অপ্রীতিকর ঘটনা ঘটলে সেই Venue Supervisor ও Invigilator দায়ী থাকবেন। সংসদ এবিষয়ে প্রয়োজনে নিয়মানুযায়ী ব্যবস্থা নেবে।


১৯) প্রশ্নপত্র ও লিখিত উত্তরপত্রের Movement এর ক্ষেত্রে পুলিশের উপস্থিতি বাধ্যতা মূলক।

২০) সংসদ ইতিমধ্যে Venue Supervisor/Centre-In-Charge/Centre Secretary/Invigilator/District Advisory Committee সদস্যদের ৫ রকমের নির্দেশাবলী এবং পরীক্ষা পরিচালনা পুস্তিকা ও Identity Card সংশ্লিষ্ট সকলের কাছে পৌঁছে দিয়েছে। সংসদের website এও সব নির্দেশাবলী তুলে দেওয়া হচ্ছে। নির্দেশাবলী মোতাবেক ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের কাছে অনুরোধ করা হচ্ছে।

মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়, মাননীয় শিক্ষামন্ত্রী অধ্যাপক শ্রী ব্রাত্য বসু, মাননীয় মুখ্য সচিব শ্রী হরিকৃষ্ণ দ্বিবেদী এবং স্কুল শিক্ষা দপ্তরের প্রধান সচিব মাননীয় শ্রী মনীশ জৈন মহাশয় সহ স্কুল শিক্ষা দপ্তর ও রাজ্য সরকারের সকল দপ্তরের আধিকারিক এবং জেলা প্রশাসনের সকল আধিকারিক অত্যন্ত সচেতন ও সতর্ক রয়েছেন। তাঁরা পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের যাবতীয় ব্যবস্থা নিয়েছেন এবং প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন। শিক্ষকদের উপর আমরা সম্পূর্ণ আস্থাশীল, তাদের আমরা সম্মান করি। প্রতিটি Venue-তে তাঁরা দায়িত্ব সহকারে ও নিরপেক্ষভাবে Invigilation এর কাজ করবেন এই বিশ্বাস আমাদের আছে। পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে পরীক্ষার্থীদের দুঃশ্চিন্তার কোন কারণ নেই। পরীক্ষার্থীদের মূল্যায়নের ক্ষেত্রে আমরা সবদিক বিবেচনা করবো এবং পরীক্ষার্থীদের স্বার্থে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবো।

রাজ্য সরকার, জেলা প্রশাসন ও স্কুল শিক্ষাদপ্তর পরীক্ষা সুষ্ঠুভাবে, নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সবরকম ব্যবস্থা নিচ্ছেন।

সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রার্থনা করা হচ্ছে।



(চিরঞ্জীব ভট্টাচার্য)

সভাপতি

পঃবঃ উঃমাঃ শিক্ষা সংসদ